



নং: ১৫.৫৫.০০০০.৩০৪.২৫.১৫৩.১৯.২২১০

তারিখ: ১৩.১০.২০১৯ খ্রি.

### ‘মীনা কার্টুন’-এর স্রষ্টা রাম মোহন এর মৃত্যুতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের শোক


বিশিষ্ট অ্যানিমেশন চলচ্চিত্র নির্মাতা রাম মোহন মারা গেছেন। তিনি বাংলাদেশে জনপ্রিয় ‘মীনা কার্টুন’-এর অন্যতম রূপদানকারী, পরিচালক ও জনক। শুক্রবার ভারতের মুম্বাইতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তার বয়স হয়েছিল ৮৮ বছর। ১৯৩১ সালে তিনি মাদ্রাজে জন্মগ্রহণ করেন।

উপমহাদেশের বিটিভি তে প্রথম মীনা কার্টুন প্রচার করা হয়। পরবর্তীতে আরো বিভিন্ন চ্যানেলে প্রচারিত হয়েছে। বর্তমানেও বিটিভি সহ আরো অনেকগুলো চ্যানেলে এই জনপ্রিয় মীনা কার্টুন প্রচার হচ্ছে।

তথ্যসূত্র অনুসারে কার্টুনটির মূল উদ্দেশ্য ছিল মেয়েদের অধিকার নিশ্চিত করা। এছাড়া কিভাবে বাচ্চাদের সাথে আচরণ করতে হয়, তাদের যত্ন নিতে হয়, কিভাবে সবার সাথে বন্ধুত্বসুলভ আচরণ করতে হয়, অস্বাভাবিক বাচ্চাদের সাথে কিভাবে মিলেমিশে থাকা যায়, কিভাবে বড়দের সম্মান করতে হয়, কিভাবে নম্র-ভদ্রভাবে কথা বলতে হয়, কিভাবে পরিবারের সবার সাথে সুন্দর ও সুশৃঙ্খল ভাবে থাকতে হয়, স্বাস্থ্য সচেতনতা, পরিবার পরিকল্পনা, শিক্ষার প্রতি গভীর আগ্রহ ও মনোভাব, কুসংস্কার থেকে নিজেকে বাঁচিয়ে রাখার উপায় সহ আরো নানান ধরনেরই শিক্ষা পাওয়া যায় এ কার্টুনে।

তিনি তিনবার ভারতের জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছেন। এ ছাড়া দেশটির চতুর্থ বেসামরিক সম্মাননা ‘পদ্ম শ্রী’ লাভ করেন তিনি।

রাম মোহনের মৃত্যুতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট গভীর শোক প্রকাশ করেছে এবং সকল কর্মকর্তা ও কর্মচারি দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন।

  
১৬.১০.১৯  
আবদুল হান্নান  
গণসংযোগ কর্মকর্তা